

সমকাল

‘প্রলয় গ্যাং’ সদস্যদের চিহ্নিত করতে ঢাবির তদন্ত কমিটি

প্রকাশ: ২৮ মার্চ ২৩ | ২০:১৫ | আপডেট: ২৮ মার্চ ২৩ | ২০:১৭

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ঢাবির ডা. শহীদ মোর্তজা মেডিকেল সেন্টারের তৃতীয় তলায় কার্যালয় বানিয়েছে প্রলয় গ্যাংয়ের সদস্যরা।
ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২০-২১ সেশনের শিক্ষার্থীদের হাত ধরে গড়ে ওঠা প্রলয় গ্যাংয়ের সদস্যদের চিহ্নিত করতে ১১ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কমিটিতে সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ইকবাল রউফ মামুনকে আহ্বায়ক ও সহকারী প্রক্টর ড. এম এল পলাশকে সদস্য সচিব করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক মিটিংয়ে এ কমিটি গঠন করা হয়। সাত কার্যদিবসের মধ্যে তদন্ত কাজ শেষ করে উপাচার্যের কাছে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দিয়েছেন উপাচার্য মো. আখতারুজ্জামান।

তদন্ত কমিটির বাকি সদস্যরা হলেন— শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রহিম, স্যার এ এফ রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, কবি জসীম উদ্দীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আব্দুর রশীদ, জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মিহির লাল সাহা, হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মাসুদুর রহমান, বিজয় একাত্তর হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আবদুল বাছির, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ বিল্লাল হোসেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আকরাম হোসেন এবং মাস্টারদা সূর্যসেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ মকবুল হোসেন ভূঁইয়া।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্প্রতি বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে কথিত ‘প্রলয় গ্যাং’ নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থীর উত্থানের কথা জানা যায়। কথিত এ গ্যাংয়ের সদস্যদের আচরণে বদখাটেপনা ও উচ্ছৃঙ্খলতার বহিঃপ্রকাশ ঘটেছে। ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুন্ন ও শৃঙ্খলা পরিপন্থী এ গ্যাং কার্যক্রম কোনোক্রমেই কাম্য হতে পারে না। এমতাবস্থায় যেসব শিক্ষার্থী এ গ্যাং অপকর্মের সঙ্গে জড়িত তাদের চিহ্নিত করার জন্য সলিমুল্লাহ মুসলিম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. ইকবাল রউফ মামুনকে আহ্বায়ক ও সহকারী প্রক্টর ড. এম এল পলাশকে সদস্য সচিব করে একটি আন্তঃহল তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com